


সূত্র নং- এসইসি/মুখপত্র/২০১১/৭২৬

তারিখঃ ১২/০৩/২০১৩ ইং

প্রেস বিজ্ঞপ্তি

৪৭২তম কমিশন সভা অদ্য ১২/০৩/২০১৩ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. পুঁজিবাজারে বিদেশী বিনিয়োগ বৃদ্ধির জন্য ইতিপূর্বে কমিশন একটি কমিটি গঠন করেছিল। উক্ত কমিটির সুপারিশমালা আজকের সভায় পর্যালোচনা করা হয় এবং সিদ্ধান্ত গৃহীত হয় যে, এ বিষয়ে সংশ্লিষ্ট সবার সাথে কমিশন আলোচনা সভায় মিলিত হবে।
২. IDLC Finance Limited এর ১৫০ কোটি টাকার Non-Convertible Zero Coupon Bond ইস্যুর প্রস্তাব অনুমোদন করা হয়। এই বন্ডসমূহ প্রাইভেট প্রেসমেন্টের মাধ্যমে ইস্যু করা হবে। প্রতিটি বন্ডের অভিজিত মূল্য দশ লক্ষ টাকা এবং বিক্রয় মূল্য (Discounted Value) ৮,১৩,১৫৬.০০ টাকা, বন্ডের মেয়াদ ৩ বছর এবং Yield to Maturity ১২.৫০%।
৩. দাখিলকৃত IPO আবেদনের সাথে হিসাব বিবরণীতে EPS সঠিকভাবে প্রদর্শিত না হওয়ায় Saif Powertec Limited কে দুই লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত সভায় গৃহীত হয়।
৪. Saif Powertec Limited এর হিসাব বিবরণীতে EPS Calculation সঠিকভাবে নিরীক্ষা না করায় তাঁর নিরীক্ষক S. F. Ahmed & Co. কে তিন লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।
৫. Saif Powertec Limited এর Issue Manager ICB Capital Management Limited কে তাঁর দায়িত্ব সঠিকভাবে পালন না করার জন্য সতর্কীকরণ পত্র ইস্যু করার সিদ্ধান্ত গৃহীত হয়।
৬. Marcentile Bank Securities কে সিকিউরিটিজ আইন ভঙ্গের জন্য এক লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।


ফরহাদ আহমেদ
নির্বাহী পরিচালক